চিত্তরঞ্জন।

—✱✱—

শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষ প্রণীত।

আছে বহু মহা রত্ন সমুদ্র অন্তরে।
সুগভীর জলধির জল আলো করে॥
বিচিত্র কুসুম কলী শোভয়ে কন্দরে।
ফুটিয়ে ঝরিয়ে যায় লোক অগোচরে॥

কলিকাতা।

পুরাণ সংপ্রকাশ যন্ত্র।

শকাব্দাঃ ১৭৮৩।

মূল্য চারি আনা মাত্র।

চিত্তরঞ্জন।

—✱✱—

শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষ প্রণীত।

আছে বহু মহা রত্ন সমুদ্র অন্তরে।
সুগভীর জলধির জল আলো করে॥
বিচিত্র কুসুম কলী শোভয়ে কন্দরে।
ফুটিয়ে ঝরিয়ে যায় লোক অগোচরে॥

কলিকাতা।

পুরাণ সংগ্রহ যন্ত্র।

শকাব্দাঃ ১৭৮৩।

মূল্য চারি আনা মাত্র।

বিজ্ঞাপন

এই গ্রন্থ খানি রচনা করিয়া কলিকাতানগরী মধ্যে আনয়ন করি এবং মহানুভাব শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়ের নিকট লইয়া যাই। উক্ত বিদ্যোৎসাহী মহাত্মা ইহার কোন কোন অংশ পাঠ করিয়া পরম প্রীত হইলেন এবং নিজ মুদ্রা যন্ত্রে বিনাব্যয়ে মুদ্রাঙ্কনের আদেশ দিলেন। এক্ষণে ক্ষণ কালের নিমিত্ত ইহা সহৃদয় সমাজের তুষ্টিসাধন করিলে আমি চরিতার্থ হইব। ইতি।

দেবীবরপুর।
শকাব্দাঃ ১৭৮৪ ২৬ বৈশাখ,। } শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষ।

লক্ষ্মীনারায়ণোহং হ্যতিশয়জড়ধীর্বিজ্ঞমধ্যেষ্বগণ্যো বিখ্যাতঃ স্বপুদেশে খলু ন সুযশসা নোধনৈর্নো মহত্ত্বৈঃ। কায়স্থোক্যপ্যবিদ্যোরচনব হুমতির্ঘোষ বংশোদ্ভবশ্চ শ্লোকানেতানিদানীং স্বয়ম্বুরচিতবান্ যত্নতো নিন্দনীয়ান্ ॥

কালীপ্রসন্ন ত্বয়ি যা পয়োনিধৌ
প্রবর্ত্ততে রত্নবিধা গুণাবলিঃ।
ন শক্যতে তাং কথিতুং ময়াধুনা
কূপস্থিতো যদ্বৎ হমেবদর্দুরঃ ॥

চিত্তরঞ্জনং।

যদ্ভয়াচ্চলতি ক্ষৌণী সম্পাদয়ন্ত্যৃতূন্ হি ষট্।
গোলাকারা স্বকে কক্ষে প্রণমামি তমীশ্বরং॥

যাঁহার ভয়ে গোলাকারা পৃথিবী ছয় ঋতু সম্পাদন করত আপন কক্ষে চলিতেছে, সেই ঈশ্বরকে আমি প্রণাম করি।

যদ্ভয়াদ্ ঘূর্ণতি ক্ষৌণী কীলকে চ নিরন্তরং।
সম্পাদয়ন্ত্যহর্নক্তং প্রণমামি তমীশ্বরং॥

যাঁহার ভয়ে পৃথিবী দিনযামিনী সম্পাদন করত কীলকে নিরন্তর ঘূর্ণায়মাণা হইতেছে, সেই ঈশ্বরকে প্রণাম করি।

বিরহ বর্ণনং।

কাচিচ্ছৈলেভবরগমনা সিংহমধ্যাস্থিরাক্ষী
রামা বামা গৃহগতধবা চারুদন্তা সুকেশী।
পানীয়ার্থং বিধৃতকলসা পুষ্পকালে স্বগেহা-
দ্বাপীং যাতা সুরভিকমলৈঃ শোভিতাম্প্রান্তরস্থাং॥

শৈলোপম গজেন্দ্রগমনা সিংহমধ্যা চঞ্চলনয়না মনোজ্ঞ-দশনা এবং শোভনকেশী কোন সুন্দরী প্রোষিতপতিকা কামিনী একদা বসন্তকালে জল জন্য কলস ধারণ করিয়া গৃহ হইতে সুগন্ধিকমলশোভিত প্রান্তরস্থিত বাপী গমন করিলেন।

দৃষ্ট্বা তত্র স্ফুটিতবনজাং দিব্যশোভাং সুকান্তিং
বাণৈর্বিদ্ধা হৃদি ভবরিপোরস্থিরত্বঞ্চ যাতা।
কালে তস্মিন্ বিরসবদনা বুদ্ধিহীনা চকার
হস্তাঘাতং শিরসি সহসা ভূষণধ্বানযুক্তং॥

তথায় উন্মীলিত জলজা সুচারু এবং শোভনকান্তি শোভা সন্দর্শন করিয়া হৃদয়ে কন্দর্পশর বিদ্ধা এবং অস্থিরা হইলেন তৎকালেই বিরসবদনা ও বুদ্ধিহীনা হইয়া হঠাৎ মস্তকে হস্তাঘাত করাতে ভূষণের শব্দ উৎপন্ন হইল।

ভূষারাবং মধুকররবং সানুমন্য ভ্রমার্ত্তা
কন্দর্পেণ ব্যথিতহৃদয়া হুহুশব্দং সুচক্রে।
সা তচ্ছব্দং পিককুহুরবং চন্দ্রবক্রানুমন্য
মূর্চ্ছাং যাতা ধরণিপতিতা পাণ্ডুবর্ণাবিষণ্ণা॥

ভ্রান্তি নিবন্ধন সেই অলঙ্কার শব্দকেই ভ্রমরশব্দ জ্ঞান করিয়া মদনপীড়িতা হওয়াতে উহু এই শব্দ উচ্চারণ করিলেন। তখন বিধুমুখী সেই উহুধ্বনিকেই পরভৃত কুহুধ্বনি বোধ করিয়া পাণ্ডুবর্ণা বিষণ্ণা এবং মূর্চ্ছাপন্না হইয়া ভূতলে পতিতা হইলেন।

মূর্চ্ছাভঙ্গে সজলনয়না গণ্ডহস্তাবসন্না
স্বেদস্নাতা স্খলিতবসনা নম্রবক্ত্রা বিবর্ণা।
পৃথ্বীভূভৃদ্বিদরণবলং সা বিলাপং বিশালং
চক্রে ক্ষোভাদতিসুমধুরং নিশ্বসত্যম্বুজাক্ষী ॥

পরে মূর্চ্ছাভঙ্গ হইল। তখন নয়ন হইতে অশ্রুধারা বিগলিত হইতে লাগিল, বসন স্খলিত হইল এবং ঘন ঘন নিশ্বাস বহিতে লাগিল। এতদবস্থায় সেই কমললোচনা কামিনী অবসন্না বিবর্ণা স্বেদস্নাতা এবং নম্রবদনা হইয়া গণ্ডদেশে হস্ত প্রদান করত মনস্তাপ হেতু ধরণী এবং ধরণীধর বিদরণে বলশীল সুমধুর বিলাপ করিতে লাগিলেন।

নাথোযাতঃ কুসুমসময়ে নির্দ্দয়োমে বিদেশং
কন্দর্পোমাং দহতি পিশুনোঽবারণীয়ো দুরাত্মা।
আগন্তব্যং দ্বিদিবসপরে হেধুনাত্র প্রিয়ে মে
শান্তেতি ত্বং ভব মমধবোয়াত উক্ত্বামমেদং ॥

এই কুসুমকালে মৎপতি নির্দ্দয় হইয়া বিদেশ গমন করিয়াছেন আর খল অবারণীয় এবং দুরাত্মা কন্দর্প আমার দহন কার্য্যে নিযুক্ত আছে। হে প্রিয়ে! দুই দিবস পরেই প্রত্যাগমন করিব, অধুনা শান্তা হও! এই কথা বলিয়া কান্ত প্রস্থান করিয়াছেন।

তদ্বাক্যং মে বসতি হৃদয়ে মাসমেকং সুদীর্ঘং
সন্তর্ভুর্মে বিরহদহনৈর্বৃদ্ধিমাপ্তঞ্চসুভীমং।
বর্ষায়েতে মদনগতিনা দ্বে দিনে মেঽস্থিরায়াঃ
কিং যাপ্যঃ স্যাৎ কুসুমসময়োদীর্ঘকালোদ্বিমাসঃ ॥

তদ্বাক্য আমার হৃদয়মধ্যে সুদীর্ঘ এবং ভয়ঙ্কর এক মাস অবস্থান করিতেছে, আবার কান্তবিচ্ছেদ রূপ বহ্নির সম্বর্দ্ধনে সেই মাসও মৎপক্ষে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে। আমি কুসুমকালের গতিতে অস্থিরা, অতএব আমার সম্বন্ধে দুই দিবস বর্ষবৎ আচরণ করে, ইহাতে দীর্ঘ দুই মাস বসন্তকাল মৎকর্ত্তৃক কি রূপে যাপনীয় হইতে পারে।

মন্দং মন্দং বহতি পবনোদক্ষিণস্যাদিশোয়
মত্যুত্তপ্তোদয়িতবিরহান্মে মনোজ্ঞো ঽপরেষাং।
পূর্ব্বস্যাং গ্লৌরুদয়তি দিশি শ্বেতকান্তি র্দিনান্তে
দেহং মেঽসৌ দহতি হিমগুঃ স্বীয়ভাসেতি চিত্রং ॥

দক্ষিণ দিক্ হইতে পবন মন্দ মন্দ বহিতেছে। এই বায়ু অন্যান্যের পক্ষে মনোজ্ঞ কিন্তু কান্তবিয়োগ নিবন্ধন মৎপক্ষে অত্যুষ্ণ হইয়াছে। শুভ্রকান্তি চন্দ্রমাঃ দিবান্তে পূর্ব্বদিকে উদিত হয়েন। কি বিচিত্র! তিনি শীতলকিরণ হইয়াও আমার দেহ দগ্ধ করিতে ক্ষান্ত নহেন।

কন্দর্পোজ্ঞো জনয়তি যতো মানসে মে বিকার
মজ্ঞোবায়ুঃ স্পৃশতি স য়তো বর্ষ্ম মে শীতলাঙ্গঃ।
অজ্ঞশ্চন্দ্রোহ্যুদয়তি যতো দর্শনে মে প্রদোষে
ভর্ত্তা চাজ্ঞঃ কুসুমসময়ে প্রস্থিতোমে যতোসৌ ॥

কন্দর্প আমার মনে বিকার উদ্ভাব করেন অতএব তিনি অজ্ঞ, হিমাঙ্গ বায়ু যে মদ্দেহ স্পর্শ করেন এই হেতু তিনিও অজ্ঞ, প্রদোষকালে চন্দ্র যে মদ্দর্শনে উদিত হইয়া থাকেন এজন্য তিনিও অজ্ঞ এবং বসন্তকালে মৎপতি প্রস্থান করিয়াছেন এতন্নিবন্ধন তিনিও অজ্ঞ।

মারক্ষিপ্ত্বা মম হৃদি শরান্ কোমলে বজ্রকল্পান্
খ্যাতিং গন্তুং প্রভবসি খল প্রান্তরে ন প্রমত্ত।
গচ্ছেস্তিষ্ঠেন্মম পতিরতো যত্র হৃত্বা মনোমে
বিদ্ধ্বা বাণৈঃ কঠিনহৃদয়ং তদ্ভজাতিপ্রশংসাং ॥

হে খল প্রমত্ত কন্দর্প! আমার কোমল হৃদয়ে বজ্রবিধ বাণ ক্ষেপণ করায় এই প্রান্তরে তোমার কিছুই খ্যাতি নাই। অতএব যথায় আমার পতি মচ্চিত্ত হরণ করিয়া অবস্থান করিতেছেন তথায় গমন কর আর তাঁহার কঠিন হৃদয় শরবিদ্ধ করিয়া প্রশংসাভাজন হও।

বায়ো ত্বং হি ত্বরিতগমনঃ সর্ব্বদেশপ্রগামী
গচ্ছেস্তস্মান্ মম দয়িতোযৎ প্রদেশং প্রয়াতঃ।
গত্বা তস্য ত্বরিতগতিনা যাতনাং জ্ঞাপয় ত্বং
যা চিত্তং মে নয়তি কঠিনাঽবারণীয়াঽস্থিরত্বং ॥

হে বায়ো! তুমি দ্রুতগতি এবং সর্ব্ব দেশ গমন করিয়া থাক, অতএব যৎপ্রদেশে মৎপতি গমন করিয়াছেন তথায় গমন কর। দ্রুতগতি দ্বারা যাইয়া তাঁহাকে এই কঠিন অবারণীয় যাতনা জ্ঞাপন কর যাহাতে আমার চিত্তকে অস্থির করিতেছে।

রে শীতাংশো মম নিজকরৈর্বর্ম্ম সন্দহ্য নিত্যং
শূরেত্যাখ্যাং প্রজিগমিষসি ত্বং বিমূঢ়োতিমত্তঃ।
ভর্ত্তারং মে সকৃদপি যদি ত্বং করোষি প্রতপ্ত
মন্যঃ কশ্চিদ্বদতু নহি বা ত্বাং বদিষ্যামি শূরং ॥

রে চন্দ্র! তুই বিমূঢ় এবং অতিমত্ত। মৎকলেবর নিজ কিরণে নিত্য দহন করিয়া শূর এই আখ্যা প্রাপণের ইচ্ছা করিতেছিস্ কিন্তু যদি আমার পতিকে একবারও তাপযুক্ত করিস্ তবে অপর কেহ বলুক অথবা না বলুক আমি তোকে শূর কহিব।

ভর্ত্তর্হে ত্বং কঠিনহৃদয়ঃ স্বল্পবুদ্ধি র্বিমত্তো
জানামি ত্বৎকপটচরিতং নাহমজ্ঞাননারী।
ত্যক্ত্বামান্তে গমনমুচিতং কিং ভবেৎ পুষ্পকালে
ধিক্ত্বাং ধিক্ত্বাং কিমধিকমহং তে বদিষ্যামি মূঢ় ॥

হে পতে! তোমার হৃদয় কঠিন ও বুদ্ধি অল্প এবং তুমি বিমত্ত। আমি অজ্ঞানা অবলা তোমার কপট চরিত্র জ্ঞাত নহি। বসন্তকালে আমাকে ত্যাগ করিয়া যাওয়া কি তোমার উচিত? তোমাকে ধিক্ তোমাকে ধিক্! হে মূঢ়! আর অধিক তোমাকে কি কহিব।

দিন সংহারঃ ।

প্রভাত বর্ণনং ।

রবিপ্রভারঞ্জিতপূর্ব্বদিঙ্মুভা
বিবর্ণচন্দ্রঃ প্রবিলীনতারকঃ ।
বিহঙ্গশব্দাকুলকর্ণমানবঃ
প্রভাতকালঃ সুসমাগতোধ্রুবং ॥

প্রভাতকালের সমাগম হইল। এই কালে দিনকরের করে পূর্ব্বাকাশ রঞ্জিত, নিশাকর বিবর্ণ, তারকানিকর বিলীন এবং পক্ষিগণের শব্দে মনুষ্যবর্গের কর্ণ আকুল হইতেছে।

বরাবঙ্গনাশ্চারুসুবর্ণমেখলা
অতীব নীলোৎপলপত্রলোচনাঃ ।
নিশাহসুষুপ্ত্যামলিনাননা ভৃশং
ব্রজন্তি তীর্থং মুখশোধিতোৎসুকাঃ ॥

কাঞ্চন কাঞ্চী বিভূষিতা নীল পদ্ম পত্রোপম নয়ন বিশিষ্টা শ্রেষ্ঠা নারীগণ রাত্রি জাগরণে মুখ মালিন্য হেতু মুখ প্রক্ষালনে সমুদ্যতা হইয়া ঘট্টে গমন করিতেছেন।

কাচিদ্ধৃতশ্রমযুতা ললনেন্দুবক্ত্রা
নিদ্রাং সুখেন ভজতি প্রিয়বামভাগে ।
অন্যা ভয়াদ্ গুরুজনস্য বিহায় নিদ্রাং
কার্য্যং করোতি ভবনে জিতহেমবর্ণা ॥

বিধুমুখী কোন রমণী রতিশ্রান্তা হইয়া পতির বাম পার্শ্বে সুখে নিদ্রা যাইতেছেন। সুবর্ণাপেক্ষা অধিক উজ্জ্বলা অপর কোন নারী গুরুজনের ভয়ে নিদ্রা পরিত্যাগ পূর্ব্বক গৃহকার্য্যে নিযুক্তা আছেন।

রতকলুষিতবস্ত্রং কাচিদন্যা সুমধ্যা
ত্যজতি পৃথুনিতম্বা জাতলজ্জাম্বুজাক্ষী।
অপরযুবতিনারী বীক্ষতে জিহ্মদৃষ্ট্যা
করধৃতকটিবাসশ্চিহ্নমাশঙ্ক্য রাতং॥

শোভনমধ্যদেশা কমলনয়না এবং বিশালজঘনা অপর কোন নারী রতি ক্রিয়াতে কলুষিত যে বসন তাহা লজ্জান্বিতা হইয়া পরিত্যাগ করিতেছেন। অন্য যুবতী নারী রতি চিহ্ন আশঙ্কা করিয়া কটিদেশের বস্ত্র করে ধারণ পূর্ব্বক বক্র দৃষ্টি দ্বারা নিরীক্ষণ করিতেছেন।

বাণিজ্যায় বণিগ্দ্রুতং প্রচলতি স্নানায় যান্তি দ্বিজাঃ
ক্রীড়ায়াং শিশবোরতাঃ খগকুলং খাদ্যায় চিন্তাকুলং।
সর্ব্বে কার্য্যযুতাঃ কিলক্ষিতিতলে কীটাঃ পতঙ্গা অপি
তল্পে কিন্ত্বলসোজনঃ স্থিরবপুঃ শেতেঽধুনাপ্যালয়ে।

বাণিজ্য জন্য বণিক্ দ্রুতগতি হইয়াছে; বিপ্রগণ অবগাহনের নিমিত্তে গমন কিরিতেছেন; শিশু সকল ক্রীড়ায় রত এবং পক্ষিকুল আহারীয় দ্রব্য জন্য চিন্তাকুল। ধরাতলে কীট পতঙ্গ পর্য্যন্ত যাবতীয় জীব কার্য্যে নিযুক্ত কিন্তু অলস ব্যক্তি এপর্য্যন্ত স্থিরদেহ হইয়া গৃহে শয্যায় শয়ান রহিয়াছে।

সকোপনার্য্যো গৃহমার্জ্জনচ্ছলৈ
র্নীত্বোদকং গোময় রাশি সংযুতং ।
বিয়োগতপ্তানলতাপকারণ
প্রাতঃ প্রকুর্ব্বন্তি করেণ নিগ্রহং ॥

নারীগণ কোপান্বিতা হইয়া গৃহ মার্জ্জনের ছলে গোময় রাশিযুক্ত জল লইয়া বিচ্ছেদরূপ তপ্ত হুতাশনের তাপহেতু যে প্রাতঃকাল কর দ্বারা তাহার নিগ্রহ করিতেছেন।

সূর্য্যোদয় বর্ণনং।

নিতান্ত কান্তো নলিনী সুখপ্রদঃ
প্রভাপ্রপাতোজ্জ্বলশেখরাচলঃ।
স্বকীয়দীপ্ত্যাশু হরংস্তমোঽঘন
মুদেতি নূনং তরুণঃ প্রভাকরঃ॥

অতিশয় কান্তি যুক্ত পদ্মিনীর সুখদাতা এবং যাঁহার দীপ্তিপতনে গিরিনিকরের শেখরদেশ উজ্জ্বলবর্ণ ধারণ করিতেছে এমত যে নব প্রভাকর তিনি নিজ কিরণ দ্বারা শীঘ্র ঈষদ্ঘন অন্ধকার হরণ করত উদিত হইতেছেন।

সুদীর্ঘ রশ্ম্যুত্তম রজ্জুধারিকা
স্বরঙ্গনা কাচিদিনং প্রভান্বিতা।
প্রতপ্তহেমোজ্জ্বল কান্তিধারিণং
ঘটং জলায়োন্নয়তীব সাগরাৎ॥

অতিশয় দীর্ঘ রশ্মিরূপ রজ্জু ধারণ পূর্ব্বক দীপ্তিবিশিষ্টা কোন স্বর্গাঙ্গনা তপ্তকাঞ্চনসম উজ্জ্বল সূর্য্যরূপ ঘট যেন জল নিমিত্তে সমুদ্র হইতে উত্তোলন করিতেছেন।

তুষারশুক্লৈশ্চিকুরৈঃ সমন্বিতা
বিদন্তবক্ত্রাঃ পরিকম্পনাস্থিরাঃ।
প্রহায় শয্যাং ধৃতবংশযষ্টয়ো
বৃদ্ধাজনা ভানুকরে সমাগতাঃ॥

তুষার সম শুক্ল কেশযুক্ত দন্তহীন মুখ বিশিষ্ট এবং কম্পন জন্য অস্থির বৃদ্ধগণ শয্যা পরিত্যাগপূর্ব্বক বংশযষ্টি ধারণ করিয়া সূর্য্যকিরণে আগত হইলেন।

প্রপতিতমিহিরত্বিড্বায়ুহেতূর্মিহারা
নববিকশিতরম্য শ্বেতবর্ণাম্বুজাস্যৈঃ।
রজনিরমণহৃষ্টাহারকণ্ঠাঙ্গনেব
হসতি কমলবক্ত্রা চারুবাপী সুমিষ্টং ॥

বায়ু হেতু উদ্গত ঊর্মির উপর দিনকরের কিরণ পতিত হইয়াছে, সেই ঊর্মিই হার এবং নবপ্রস্ফুটিত রমণীয় শ্বেতোৎসমূহই মুখ স্বরূপ হওয়াতে বোধ হয় যামিনীর রতিক্রিয়াতে হৃষ্টা কমলবদনা এবং হারকণ্ঠা কামিনীবৎ মনোহর বাপী সুমধুর হাস্য করিতেছে।

উদয়তি প্রভাকরে কশ্চিৎ সৌরঃ পঠতি।

প্রভাকর উদিত হইতেছেন এমত কালে কোন সৌর পাঠ করিতেছে।

দিননাথ দিবাকর সূর রবে
তরণে করনষ্টসুঘোরতমঃ
জিততপ্তসুবর্ণতনোর্ক হরে
প্রণমামি ভবন্তমহং শিরসা ॥

স্নানকাল বর্ণনং।

সমীক্ষ্য ভদ্রা অবগাহনক্ষণং
গৃহাঙ্গনা আগতরন্ধনক্ষণাঃ।
বিলিপ্য তৈলং সুবপুঃসু সত্বরং
প্রয়ান্তি বাপীমবগাহনোদ্যতাঃ॥

যাঁহাদিগের রন্ধনসময় আগত সেই ভদ্র গৃহাঙ্গনারা স্নান-কাল উপস্থিত দেখিয়া অঙ্গে তৈল লেপন পূর্ব্বক অবগাহনে উদ্যতা হইয়া শীঘ্র সরোবরে গমন করিতেছেন।

নারীভিরর্পিতফলৈঃ সদলৈঃ প্লবদ্ভি-
র্দেবপ্রদত্তকুসুমৈঃ সচলৈর্জলেষু।
তাসাং কলেবরসুগন্ধজলৈশ্চ বেগৈঃ
সংভজ্য কাননমিব প্রবহন্তি নদ্যঃ।

স্ত্রীগণ যে সকল ফল অর্পণ করিয়াছেন তাহা পত্রসহ ভাসমান দেবার্চণার পুষ্পচয় নীরে সচল এবং সেই স্ত্রীগণের অঙ্গ সৌরভে জল সুগন্ধি হওয়াতে বোধ হইতেছে নদী নিকর কাননভগ্ন করিয়া প্রবাহিত হইতেছে।

স্নাত্রঙ্গতৈলাদিবিলেপনান্বিতা
নারীগণস্থাপিতকুম্ভধারিকা।
সগর্ব্ববালেব ধুনীং সযৌবনা
স্নাতুং ধুনী গচ্ছতি বারিধিং মুদা॥

স্নাতৃগণের অঙ্গের তৈলাদি বিলেপন যুক্তা হওয়াতে এবং স্ত্রীগণ স্থাপিত কুম্ভধারণ করায় বোধ হয় গর্ব্বিতা যুবতী বালার নদীগমনের ন্যায় স্নানের নিমিত্তে নদী হৃষ্টচিত্তে সমুদ্র গমন করিতেছেন।

স্নাতঃ কশ্চিচ্ছৈবঃ পঠতি।

কোন শৈব স্নান করিয়া পাঠ করিতেছে।

বিধুশেখর ভূভৃদপাত্যপতে
ভবভীতিহর ত্রিপুরান্তক হে।
ধৃতশূল বিভূতিচিতাঙ্গ শিব
প্রণমামি পদং তব নম্রশিরাঃ॥

মধ্যাহ্নকাল বর্ণনং।

ব্যোমোচ্চাংশস্থিতদিনকরস্তপ্তভূমির্বিশালং
ভোজস্থানপ্রগমনমনো ভোক্তৃবর্গঃ সমুচ্চৈঃ।
তপ্তার্কাভাপতননিয়মপ্রোষ্ণশৃঙ্গাচলোয়ং
সম্প্রায়াতঃ শমনসদৃশো ভীষ্ম মধ্যাহ্নকালঃ॥

শমন তুল্য ভয়ানক মধ্যাহ্নকালের আগমন হইল। এই কালে আকাশের উচ্চাংশে দিবাকরের অবস্থান এবং ভূমি অতিশয় উষ্ণ হইয়াছে; ভোক্তৃগণ আহার স্থানে গমনে অত্যভিলাষী এবং দিননাথের তপ্ত কিরণ পতিত হওয়াতে গিরিচয়ের শৃঙ্গ প্রতপ্ত হইয়াছে॥

নদীং প্রমত্তাঃ করিণঃ প্রয়ান্তি
বিলোলজিহ্বাঃ শুনকাঃ শ্বসন্তি।
প্রকাণ্ডকোলাঃ সলিলং সপঙ্কং
দ্রুতং বিশন্ত্যুষ্ণরবিপ্রতপ্তাঃ॥

উষ্ণরবিকর্ত্তৃক প্রতপ্ত হওয়াতে মত্ত হস্তিগণ নদীগমন করিতেছে, কুকুর সমূহের জিহ্বা চঞ্চল অধিকন্তু তাহাদিগের ঘন ঘন নিশ্বাস বহিতেছে এবং প্রকাণ্ড শূকর সকল সপঙ্ক জলে দ্রুত প্রবেশ করিতেছে।

বিহায় মত্তা নলিনীঃ প্রতপ্তা
গৃহেষু ভৃঙ্গা হসিতাননানাং।
বিলোক্য ফুল্লানি মুখাম্বুজানি
পতন্তি তেষ প্রমদাজনানাং॥

প্রতপ্ত পদ্মিনী সকল পরিত্যাগ পূর্ব্বক মত্তভৃঙ্গগণ হাস্যাননা গৃহস্থিতা রমণীগণের প্রস্ফুটিত এবং গৌরবর্ণ মুখাব্জ সমূহ নিরীক্ষণ করিয়া তৎসমূহেই পতিত হইতেছে।

প্রতপ্তভাসা হরিণা প্রতপ্তাঃ
সুদীর্ঘশাখাঃ পথিকাস্তরূণাং।
নিরীক্ষ্য দূরাৎ পবনপ্রধূতা
স্তলেষু তেষাং ত্বরিতং প্রয়ান্তি॥

উত্তপ্তকরদিনকরপ্রতপ্ত পথিকগণ দূর হইতে তরুগণের পবনকম্পিত অতিদীর্ঘ শাখা সমূহ নিরীক্ষণ করিয়া সেই তরুগণের তলে দ্রুত গমন করিতেছে।

অসহ্যদীপ্ত্যা তরণেস্তৃষাকুলঃ
প্রযাচতে বারিদমম্বু চাতকঃ।
কুতঃ পয়োদঃ কমলং কুতোপি বা
রবের্ময়ূখাঃ প্রপতন্তি তন্মুখে॥

তরণির অসহ্য দীপ্তিতে তৃষাকুল চাতকপক্ষী জলদস্থানে জল যাচ্ঞা করিতেছে; কিন্তু কোথায় বা জলদ, জলই বা কোথায় তাহার মুখে সূর্য্যকিরণ পতিত হইতেছে।

সপুষ্পপাত্রং সলিলং সুশীতলং
সবারিবিন্দু ব্যজনং সুশোভনং।
সূক্ষ্মাণি বাসাংসি চ শীতচন্দনং
প্রয়ান্তি সুচ্চৈর্মনুজস্য সেব্যতাং॥

পুষ্পযুক্ত পাত্র সুশীতল জল জলবিন্দু সংযুক্ত সুন্দর ব্যজন সূক্ষ্ম বস্ত্র এবং স্নিগ্ধ চন্দন এই সমস্ত প্রচুর পরিমাণে মনুষ্যের সেবনীয় হইতেছে।

সূর্য্যাস্তবর্ণনং।

সদাংশুদানক্রিয়য়া শ্রমান্বিতঃ
শ্রমোপজীবীব রবিঃ প্রভান্বিতঃ।
সমাপ্তকর্ম্মা দিবসে সুসংগতে
প্রয়াতি শয্যাং স্বগৃহে মুদন্বিতঃ ॥

অনবরত কিরণদান রূপ ক্রিয়াতে শ্রমান্বিত হইয়া প্রভান্বিত প্রভাকর দিবসশেষে কার্য্য সমাপন হইলে হর্ষান্বিত শ্রমোপজীবীবৎ গৃহে শয্যায় গমন করিতেছেন, বোধ হইতেছে।

গোপালকা দিনকরং পরিলোক্য যান্ত
মস্তং দ্রুতং সকলগাঃ প্রতিযাপয়ন্তি।
তেষাং প্রতোদপরিতাড়িতগোযুলগ্নাঃ
সূর্য্যাংশবঃ কমধুনা ন নয়ন্তি হর্ষং ॥

দিননাথ অস্ত গমন করিতেছেন দেখিয়া গোপালক সকল গোগণকে ফিরাইতেছে। তাহাদিগের যষ্টিতাড়িত গো সমূহে লগ্ন সূর্য্যকিরণ কাহাকে হৃষ্ট না করে।

জলাশয়েষ্বাগতকামিনীনাং
বিভূষণেষু প্রতিবিম্বিতস্য।
সহস্ররশ্মের্বিমলা ময়ূখা
হরন্তি চেতঃ পরিদর্শকস্য ॥

যে কামিনীরা জলাশয়ে আগমন করিয়াছেন তাঁহাদিগের অলঙ্কারে প্রতিবিম্বিত সহস্রাংশুর বিমল কিরণ সমূহ দর্শকের চিত্ত হরণ করিতেছে।

সমীক্ষ্য তাসাং মুখপঙ্কজানি
সদা প্রফুল্লানি মনোহরাণি।
জলাশয়স্থানি সরোরুহাণি
হ্রিয়েব সদ্যো মলিনীভবন্তি ॥

তাঁহাদিগের সদা প্রস্ফুটিত এবং মনোহর মুখাব্জ সকল দর্শন করিয়া জলাশয়স্থ জলজ সমূহ লজ্জাতেই যেন তৎক্ষণাৎ মলিন হইতেছে।

প্রদোষবর্ণনং ।

সদ্যোস্তযাতহরিভাশ্চিতপশ্চিমাভ্রো
মন্দানিলাকুলিতপল্লবশাখবৃক্ষঃ ।
নীড়ানুযানবিহগাকুলসর্ব্বদেশঃ
সম্প্রাগতঃ খলু সুশোভবিধুঃ প্রদোষঃ ॥

প্রদোষকালের সমাগম হইল। এই কালে ক্ষণমাত্র অস্ত-গত দিনকরের আভাতে পশ্চিমাকাশ ব্যাপ্ত, মন্দ বায়ু কর্ত্তৃক বৃক্ষশাখার পত্র সমূহ আকুলিত, কুলায়ানুগামী বিহগগণ কর্ত্তৃক সকল দেশ আকুল এবং নিশাকরের উত্তম শোভা হইয়াছে।

বিলোক্য কাচিৎ প্রমদা নিশামুখং
তনোতি তল্পং তরুণী গৃহে মুদা ।
স্তনেষু হারং প্রদদাতি মৌক্তিকং
সচিত্রলেখং বদনং করোতিচ ॥

কোন যুবতী প্রমদা প্রদোষ দর্শনে হৃষ্টচিত্তা হইয়া গৃহ-মধ্যে শয্যা বিস্তার, স্তনে মৌক্তিক হার প্রদান, এবং বদন চিত্রিত করিতেছেন।

অপরা ললনা জিতপদ্মকরা
দশনদ্যুতিনিন্দিতকুন্দবিভাঃ ।
নয়নপ্রবিনিন্দিতপদ্মদলা
রতিবেশরতা রসনা দধতি ॥

যাঁহাদিগের কর পদ্ম পুষ্পকে জয় করিয়াছে, দন্ত প্রভায়

কুন্দপুষ্পের আভা এবং নয়নে পদ্মদল নিন্দিত হইয়াছে, এমত অপর নারীগণ রতিবেশে অনুরক্তা হইয়া চন্দ্রহার ধারণ করিতেছেন।

অসিতনবদুকূলৈর্বারিবাহৈর্মনোজ্ঞৈ
রমলকনকহারৈস্তৎস্থসৌদামিনীভিঃ।
স্ফটিকবিমলঘর্ম্মৈশ্চাম্বুপুষ্পৈঃ পতদ্ভিঃ
সসলিলঘনভোবৎ কাশ্চিদন্যা বিভান্তি॥

কৃষ্ণবর্ণ নূতন দুকূলই মনোহর মেঘ, বিমল সুবর্ণহার সেই দুকূল রূপ জলদস্থ বিদ্যুৎ এবং স্ফটিকবৎ বিমল ঘর্ম্মই জল স্বরূপ হওয়াতে অন্য কোন কোন নারী সজলদ আকাশবৎ শোভা ধারণ করিতেছেন।

সুকুন্তলানামলকাবকম্পিতা
ললাটসিন্দূরলবপ্রচর্চ্চিতাঃ।
মনাংসি পুংসাং প্রদশন্তি রোষিণো
বপূংসি সর্পাইব দণ্ডতাড়িতাঃ॥

শোভন চিকুরান্বিত যোষিদ্গণের অলকা সমূহ বায়ু-কম্পিত এবং ললাটস্থ সিন্দূরবিন্দু যুক্ত হওয়াতে দণ্ডতাড়িত রোষান্বিত ফণিগণের শরীর দংশনবৎ পুরুষদিগের মনঃ দংশন করিতেছে।

দিবসবিরহদুঃখাপ্রাতুমুচ্চৈঃসমর্থঃ
অয়মিতিকৃশমধ্যাঃ সর্ব্বনার্য্যঃ সুবেশাঃ।
কুচনগভরনম্রা মন্দং মন্দং ব্রজন্ত্যঃ
সুহৃদমিব সুদীপৈঃ শোভয়ন্তি প্রদোষং॥

দিবসের বিরহ দুঃখ হইতে ত্রাণ করিতে ইনি সক্ষম এই বিবেচনায় ক্ষীণমধ্যদেশা সুবেশা নারীগণ স্তন শৈল ভরে নত হইয়া ধীরে ধীরে গতি করত সুহৃৎ পাইয়াই যেন প্রদোষকে শোভন প্রদীপে শোভিত করিতেছেন।

দৃষ্ট্বা তাসাং হিমাংশুর্বদনশশধরান্ সের্ষচিত্তোকলঙ্কা-নুচ্চাকাশং প্রগন্তুং ব্রজতি পরিজিতঃ স্থানলভ্যঞ্জয়িত্বং। নোতৃপ্তস্তেন বেদ্ধুং নিজকিরণশরৈঃ সর্ব্ব গাত্রাণি তাসা-মারেভে প্রাপ্য সন্ধ্যামতিশয়কঠিনং কোমলান্যুত্তমানি॥

তাঁহাদিগের অকলঙ্ক মুখচন্দ্র দর্শন করিয়া পরিজিত এবং ঈর্ষান্বিত চন্দ্র স্থানলভ্য জয় প্রাপণের নিমিত্ত উচ্চা-কাশ গমন করিতেছেন। তাহাতেও পরিতৃপ্ত না হওত সন্ধ্যা পাইয়া কিরণ রূপ বাণ দ্বারা তাঁহাদিগের কোমল এবং উত্তম গাত্র সমূহ কঠিনরূপে ভেদ করিতে আরম্ভ করিলেন।

করৈঃ প্রদগ্ধাঃ সুভৃশং সুধাংশো-
স্তড়িল্লতাভারসনা দধানাঃ।
রতাম্বুসেকৈর্জ্বলনং প্রহাতুং
প্রয়ান্তি তাস্ত প্রিয়মন্দিরেষু॥

বিদ্যুল্লতা কান্তি কাঞ্চি ধারিণী সেই কামিনীগণও সুধাং-শুর কিরণে অত্যন্ত দগ্ধ হইয়া রতিরূপ জল সেক দ্বারা জ্বলন ত্যাগ জন্য প্রিয় মন্দিরে গমন করিতেছেন।

নিমীলিতাম্ভোজ কুচেন্দুভোজ্জ্বলা
বেশোদ্যতেব প্রমদোন্নতস্তনী।
সুমন্দবাতোদ্গতবীচিকাঞ্চিভিঃ
বাপী নিতম্বং পরিভূষয়ত্যসৌ॥

নিমীলিতজলজস্তনা চন্দ্রকিরণেউজ্জ্বলা বাপী মন্দ বায়ূদ্-গত ঊর্ম্মিরূপ কাঞ্চির সহিত, উন্নতস্তনী বেশোদ্যতা প্রম-দাবৎ নিতম্ব শোভিত করিতেছে।

মধ্য রাত্রি বর্ণনং।

তুঙ্গাকাশস্থিতশশধরা শীতভূমিঃ সমুচ্চৈ
র্নক্ষত্রৌঘপ্রচিতগগণা শান্ত বাত প্রশান্তা।
স্নিগ্ধাংশ্বংশুপ্রপতনবিধিস্নিগ্ধসুচ্চাগশৃঙ্গা
সম্প্রায়াতা কুসুমসদৃশী রম্য মধ্যক্ষপেয়ং॥

স্নিগ্ধবায়ু কর্তৃক শীতল কুসুম তুল্য রমণীয় মধ্যরাত্রির আগমন হইল। এই কালে উচ্চাকাশে নিশাকরের অবস্থান ভূমি শীতল, নক্ষত্রগণ কর্তৃক গগণ মণ্ডল ব্যাপ্ত এবং শীত-কিরণের কিরণ পতিত হওয়াতে অত্যুচ্চ গিরিনিকরের শৃঙ্গ শীতল হইয়াছে।

সমীরণ স্ফীত বিশাল বক্ষা
নিতান্ত গৌরৈঃ কুমুদৈঃ সুদন্তৈঃ।
সযৌবনেব প্রমদা সকান্তা
মনোজ্ঞবাপী হসতি প্রহৃষ্টা॥

বায়ুস্ফীত বিস্তৃত বক্ষোদেশা মনোহর বাপী অতিশয় শুক্ল কুমুদরূপ দন্ত সমূহ বিকাশ করিয়া পতি সহিত বর্তমানা তরুণী প্রমদাবৎ হৃষ্টা হইয়া হাস্য করিতেছে।

বিলোক্য বামা বনিতা রতক্ষণং
বিকম্পিতাঙ্গ্যোমদনপ্রতাপিতাঃ।
কৃতাপরাধানপিচাতিনিন্দিতান্
পরিষ্বজন্তে দয়িতান্ রতোৎসুকাঃ॥

রতিকাল আগত দেখিয়া সুন্দরী কামিনীগণ মদন তাপি-

তা ও কম্পিতকলেবরা হইয়া কৃতদোষ এবং নিদ্রিত পতি-দিগকে আলিঙ্গন করিতেছেন।

ধবান্ত তাষামভিবীক্ষ্য ভাবং
প্রতপ্তগাত্রা মদনেষুবিদ্ধাঃ।
করাম্বুদাভ্যাং পরিপীড়য়ন্তঃ
কুচৌগিরী দ্বৌ সুরতং ভজন্তে ॥

তাঁহাদিগের স্বামিগন তদ্ভাব দর্শনে মদনশরবিদ্ধ এবং প্রতপ্তকলেবর হইয়া কররূপ পয়োদ দ্বারা স্তন শৈলদ্বয় পরিপীড়ন করত সুরত ক্রিয়া নির্ব্বাহ করিতেছেন।

বিভূষণধ্বানযুতাঃ সবিভ্রমাঃ
সুগন্ধিতাম্বূলযুতাস্যপঙ্কজাঃ।
সুমিষ্ট হাস্যৈর্মদনপ্রবর্দ্ধকৈঃ
স্ত্রিয়োমনাংস্যাশু হরন্তি কামিনাং ॥

অলঙ্কার শব্দ যুক্তা সবিভ্রমা এবং সুগন্ধিতাম্বূলান্বিত-মুখপদ্মবিশিষ্টা নারীগণ মদন বর্দ্ধক সুমিষ্ট হসিত দ্বারা কামিদিগের চিত্ত হরণ করিতেছে।

কোন দম্পতীর রতিকালের
কথোপথকন।

কান্তে তবাস্যকমলাসবমুগ্ধস্তা-
মুস্মত্তষট্‌পদমহং মধুপঃ প্রযাচে।
নৈতন্মধূনিপিবহে ভ্রমর প্রমত্ত
দ্রব্যে বহুব্যবহৃতে কৃতয়াদরোস্তি ॥

হে কান্তে ! আমি ভৃঙ্গ ; তোমার বদনকমলের ভৃঙ্গোন্মাদ-হেতু মকরন্দ ক্ষুধা নিবন্ধন তোমার স্থানে যাচ্ঞা করি-তেছি।

হে প্রমত্ত ভ্রমর এ মধু পান করিও না, যে হেতু বহু ব্যবহৃত দ্রব্যে কোথায় আদর থাকে।

ভদ্রেষু বস্তুষু কুতো ন সমাদরঃস্যা-
ভৃঙ্গাঃ কুতঃ সুনলিনীঃ সমধূ স্ত্যজেয়ুঃ ।
ভর্ত্তুর্ভবানু পুরুষোবহুশাস্ত্রবেত্তা
ব্যর্থং মমাখিলবচঃ প্রকরোতি নার্য্যাঃ ॥

উত্তম বস্তুতে কোথায় সমাদর না থাকে ? ভৃঙ্গেরা কো-থায় সমধু পদ্মিনীগণকে পরিত্যাগ করিয়া থাকে।

হে নাথ ! তুমি পুরুষ এবং বহু শাস্ত্রবিৎ আমি অবলা অতএব আমার সকল কথাই ব্যর্থ করিয়া দাও।

কিং মিষ্টং হসিতং তবাতিসুখদে কাসুন্দরী ত্বং প্রিয়ে
কোলাভঃ সুরতক্রিয়া সুহসিতে কে চঞ্চু-সীমে তব ।
কাহানির্বিরহঃ প্রিয়াঃ সুনয়নে কশ্চন্দ্রমাস্তেমুখং
কৌ হস্তৌ মম বক্ষকৌসুবদনে কা কামিনী ত্বং প্রিয়ে ॥

মিষ্ট কি ?

হে অতি সুখদে তোমার হাস্যই মিষ্ট।

কোন্ রমণী সুন্দরী ?

প্রিয়ে ! সে তুমিই।

লাভ কাহাকে বলা যায় ?

হে সুহসিতে সুরন্ত ক্রিয়াকেই লাভ বলিয়া গণ্য করা যায়।

কোন্ চক্ষুর্দ্বই চক্ষু?

তোমার এই চক্ষুর্দ্বই চক্ষু।

হানি কাহাকে কহা যাইতে পারে?

হে সুনয়নে ভার্য্যাবিরহ রূপ হানিই হানি।

চন্দ্র কাহাকে বলা যায়?

তোমার মুখই চন্দ্র।

কোন্ হস্তদ্বয়ই হস্ত?

হে সুবনে যাহাতে আমাকে বন্ধন করিতেছে সেই হস্তদ্বই হস্ত।

(ভাল তবে) কামিনী কে?

প্রিয়ে! তুমিই কামিনী।

নেত্রে তে পদ্মিনী দৃষ্ট্বা মরণায় জলং গতা।
কিন্তু সা জীবিতাশায়া ভাসতে সলিলোপরি॥

তোমার নয়নদ্বয় নিরীক্ষণ করিয়া পদ্মিনী মরণের নিমিত্ত জলে গমন করিয়াছে। কিন্তু কি করে, জীবনাশা হেতু সেই জলেই ভাসিতেছে।

বিরহিণীর অবস্থা।

ক্ষুভিতজলসমুদ্রাদ্বিগ্রহাৎ কামবাতৈ
র্বিরহতপনতাপাদুদ্গতা বাষ্পসঙ্ঘাঃ।
পুনরপি ঘননীলাম্মেঘপুষ্পাণি ভূত্বা
সুনয়নবিরহিন্যা লোচনাভ্রাৎ পতন্তি ॥

মদনানিলচঞ্চলজল যে দেহরূপ সমুদ্র তাহা হইতে বিরহ সূর্য্যের তাপ হেতু বাষ্প সমূহ উদ্গত হইয়াছে। সেই বাষ্প সমূহই আবার বারিরূপে পরিণত হইয়া ঘননীলবর্ণ যে সুনয়না বিরহিণীর লোচনাভ্র তাহা হইতে পতিত হইতেছে।

তস্যা বিলাপঃ।

অহোহিমত্বিড্মণিমঞ্জুভূষণঃ
ক্ষপাকরাভারদনৈ র্ভচিত্রিতঃ।
নিশীথকালঃ সবিষোহভ্রভোগধৃক্
ফণীব কালঃ প্রদশত্যয়ং তনুং ॥

হায়! নক্ষত্রে চিত্রিত, বিষপূর্ণ এবং আকাশরূপ ফণ-ধারী এই নিশীথকাল কৌমুদীরূপ দন্ত দ্বারা কৃষ্ণসর্পবৎ কলে-বর দংশন করিতেছে। হিমাংশুই উহার মণিরূপ সুচারু ভূষণ হইয়াছে।

কোকিলস্য স্বরোরম্য স্তথা ভৃঙ্গস্যকূজিতং।
অপরেষাং ন সন্দেহঃ কেবলং মরণং মম ॥

অপরাপরের পক্ষে কোকিলগণের স্বর [illegible] ভৃঙ্গগণের ধ্বনি মনোজ্ঞ ইহাতে সন্দেহাভাব কিন্তু [illegible] মৃত্যু মনোজ্ঞ হইয়াছে।

উষোবর্ণনং।

বিবস্বদাভারুণ পূর্ব্বদিঙ্মুখং
কুলায়তিষ্ঠদ্বিহগাস্ফুটধ্বনি।
সমোদপদ্মং মলিনাস্যকৈরব-
মুষোমনোজ্ঞং সুসমাগতং খলু॥

মনোজ্ঞ উষঃকাল সমাগত হইল। এই কালে দিবাকর-কিরণে পূর্ব্বাকাশ ঈষদরুণবর্ণ, নলিনী হৃষ্টা ও কুমুদিনী মলিনবদনা হইয়াছে; আর নীড়স্থিত পক্ষিগণের অব্যক্ত ধ্বনি হইতেছে।

উষোভিবীক্ষ্য প্রমদাঃ সকান্তা
ভয়াদ্গুরূণাং গৃহ কার্য্য চিন্তাঃ।
প্রহায় তল্পং পরিধায় বস্ত্রং
বহিস্প্রয়াতুং ত্বরিতং চলন্তি॥

পতি সহিত বর্ত্তমানা প্রমদাগণ উষঃকাল নিরীক্ষণে গুরু-গণের ভয়ে গৃহকর্ম্মমানসা হইয়া শয্যা ত্যাগ ও বস্ত্র পরি-ধান পূর্ব্বক বাহিরে যাইবার জন্য দ্রুতগতি করিতেছেন।

বিলোক্য তাঃ সুত্বরিতং প্রয়ান্তীঃ
কান্তাস্তু তাসাং পরিহায় শয্যাং।
নিশাস্তি তিষ্ঠেতিচসংবদন্ত-
য়াকর্ষয়ন্ত্যম্বরমাশু হস্তৈঃ॥

তাঁহারা ত্বরা করিয়া যাইতেছেন দেখিয়া তাঁহাদিগের ভর্তারা শয্যা পরিত্যাগ পূর্ব্বক (এখনও) রাত্রি আছে, থাক, এই কথা বলিতে বলিতে হস্ত দ্বারা বস্ত্র আকর্ষণ করিতেছেন।

নীতিমালা।

কাকঃ পিঞ্জর রক্ষিতো ন কুরুতে ভ্রান্ত্যাপি মিষ্টং রবং
শম্বূকঃ কুরুতে ধ্বনিং কৃতমুখঃ শঙ্খো ন নাদং যথা।
ভেকো গেহসুরক্ষিতো ন কঠিনং ধ্বানং জহাতি ক্বচি-
দ্দুঃশীলঃ পুরুষঃ স্বকীয় চরিতং নাসজ্জহাতি ক্বচিৎ॥

কাককে পিঞ্জরের মধ্যে স্থাপিত করিলে সে ভ্রান্তিবশতও মিষ্ট রব করে না, শম্বূকের মুখ করিয়া দিলেও সে শঙ্খবৎ ধ্বনি করে না, ভেককে গৃহে উত্তমরূপে স্থাপন করিলে সে কখনও কর্কশ রব পরিত্যাগ করে না এবং দুঃশীল পুরুষ আপন অসচ্চরিত্র কদাপি ত্যাগ করে না।

আহারৈর্বহুভির্হ্যপি প্রতিদিনং নেভায়তে শূকরো
ভোগাদুগ্ধবিপালিতো ন গরলং শক্নোতি হাতুং ক্বচিৎ।
সিংহীদুগ্ধবিপোষিতঃ ক্বচন কিং সিংহায়তে জম্বুকো
দুঃশীলোহি জনঃ স্বকং কুচরিতং নোহসজ্জহাতি ক্বচিৎ॥

প্রতিদিন প্রচুর পরিমাণে আহার দিলেও শূকর হস্তিবৎ আচরণ করে না, সর্প দুগ্ধপালিত হইলে কখনও নিজ গরল পরিত্যাগ করিতে পারে না, সিংহীদুগ্ধ পোষিত জম্বুক কখন কি সিংহবৎ আচরণ করে এবং দুঃশীল ব্যক্তি কখনও নিজ অসচ্চরিত্র পরিত্যাগ করে না।

আর্কোবারি সুসিক্ষিতঃ সুসততং বৃক্ষায়তে ক্বাপি নো
হংসশ্রেণি নিবেশিতো ন চলতি ক্রৌঞ্চো মরালো যথা।
অঙ্গারো বহুমার্জ্জিতো মলিনতাং শক্নোতি হাতুং [illegible]
দুঃশীলোমনুজঃ স্বকং কুচরিতং শক্নোতি হাতুং [illegible]

আকন্দ গাছে সতত জল সেচন হইলেও সে বৃক্ষবৎ আচ-রণ করে না, হংসশ্রেণি মধ্যে নিবেশিত হইলেও বক হংসবৎ চলে না, অঙ্গার অধিক মার্জ্জিত হইলেও কোথায় মলিনত্ব পরিত্যাগ করিতে পারে এবং দুঃশীল মনুষ্য নিজ কুচরিত্র কোথায় পরিত্যাগ করিতে পারে।

গুণান্বিতানাং সুবিভূষণৈঃ কিং
পরিচ্ছদৈঃ কিং কবিতান্বিতানাং
অশিক্ষিতানাং নিকটে জনানাং
বস্ত্রাণি কার্য্যাণি সুসাধয়ন্তি ॥

সদ্গুণসত্ত্বে শোভনালঙ্কারের প্রয়োজন কি? কবিতা-দিগের পরিচ্ছদের আবশ্যকতা কি? কিন্তু অশিক্ষিত জন-সমীপে বস্ত্র কার্য্য সাধন করিয়া থাকে।

যথা ধূমঃ সমুদ্গম্য জ্বলদ্বহ্নেঃ পরক্ষণে।
নাশং যাতি পয়োবাহা বায়ুনা চ প্রচালিতাঃ ॥
স্রোতস্বতীপয়ঃ কল্পং পয়োবিম্বো পমাং তনুং
হিত্বাস্থায়ি তথাস্মাকং জীবনং সংপলায়তে ॥

যেমন ধূম প্রজ্বলিত বহ্নি হইতে উত্থিত হইয়া পরক্ষণে অদৃষ্ট হয় এবং মেঘ সমূহ যথা পবন চালিত হইয়া বহির্ভূত হইয়া যায়; নদী জল তুল্য আমাদিগের অস্থির জীবনও সেইরূপে জলবিম্বোপম দেহ পরিত্যাগ করিয়া পলায়ন করিয়া থাকে।

সম্পূর্ণং।